আইলিট'র শো-রুমের উদ্বোধন

৬ সেপ্টেম্বর বিকেল ৫টায় আইলিট'র প্রথম শো-রুম বিপুলসংখ্যক অতিথি ও ক্রেতা সাধারণের উপস্থিতিতে উদ্বোধন হয়। নারায়ণগঞ্জের 'মাসুদা প্লাজা'য় অবস্থিত শো-রুমের উদ্বোধন করেন বিশিষ্ট টিভি অভিনেত্রী আফসানা মিমি।

উল্লেখ্য, আইলিট দেশীয় ও তাঁতজাত কাপড়ের বিভিন্ন ধরনের শাড়ি, থ্রিপিস, মেক্সি, পাঞ্জাবি, ফতুয়া, টি-শার্ট এবং বাচ্চাদের পোশাক নিয়ে গত আড়াই বছর ধরে কাজ করছে। ঢাকার হাতিরপুলে ঘরোয়া পরিবেশে ফ্যাশন হাউজের অভিজ্ঞতা নিয়ে আইলিট তার প্রথম শো-রুমের যাত্রা শুরু করল নারায়ণগঞ্জ থেকে। পোশাক ছাড়া আরও দুটি নতুন পণ্য লাইন গহনা এবং চামড়াজাত দ্রব্য যুক্ত হয়েছে আইলিট শো-রুমে। উদ্বোধনী অনুষ্ঠান শেষে বিপুলসংখ্যক আগ্রহী ক্রেতা আইলিট শো-রুম পরিদর্শন ও কেনাকাটা করেন।

জেএএন হলোগ্রাম স্টিকার

ঢাকায় ২ অক্টোবর, বিশ্ববিখ্যাত ইলেকট্রনিক্স ও অফিস ইকুইপমেন্টস্ নির্মাতা প্রতিষ্ঠান ক্যাননের বাংলাদেশী সহযোগী প্রতিষ্ঠান (পরিবেশক) জেএএন এসোসিয়েটসের উদ্যোগে ও ক্যানন সিঙ্গাপুর প্রাইভেট লিমিটেডের সহযোগিতায় বাংলাদেশে ক্যানন প্রোডাক্টের জন্য নিরাপত্তাসূচক জেএএন হলোগ্রাম স্টিকার প্রচলন করা হয়। এবং একই অনুষ্ঠানে ক্যাননের কিছু নতুন প্রোডাক্ট বাজারজাতকরণের ঘোষণা করা হয়।

ঢাকার সোনারগাঁও হোটেলের বলরুমে অনুষ্ঠিত এই কর্মসূচিতে জেএএন এসোসিয়েটসের ব্যবস্থাপনা পরিচালক ও বাংলাদেশ কম্পিউটার সমিতির সাবেক সভাপতি আবদুল্লাহ এইচ কাফিসহ বাংলাদেশের তথ্যপ্রযুক্তি অঙ্গনের বিশিষ্ট ব্যক্তিবর্গ অংশ নেন। আব্দুল্লাহ এইচ কাফি বলেন, স্বল্পমূল্যে জনসাধারণের মাঝে ক্যানন প্রিন্টার, স্ক্যানারসহ ক্যানন সামগ্রী তুলে দেয়ার জন্য জেএএন এসোসিয়েটস্ বিগত সাত বছর ধরে কাজ করে যাচ্ছে। ক্যানন প্রোডাক্টের গুণগত মান ও সার্ভিস প্রদানের কারণে স্বল্পমূল্যের প্রিন্টার বিক্রিতে বাংলাদেশে ক্যানন শীর্ষস্থান অর্জন করেছে। গত কয়েক বছরের লক্ষাধিক ক্যানন প্রিন্টার ও স্ক্যানার বাংলাদেশের ঘরে ঘরে পৌঁছে গেছে। এ কারণে সাম্প্রতিককালে স্থানীয় কিছু অসাধু ব্যবসায়ী জনসাধারণকে নকল পণ্যসামগ্রী সরবরাহ করে তা ক্যানন নামে চালিয়ে দেবার অপচেষ্টায় লিপ্ত রয়েছে। এতে জনসাধারণ আর্থিকভাবে প্রতারিত ও ক্ষতিগ্রস্ত হচ্ছেন। এ কারণে এখন

নবীন-প্রবীণ সম্মিলন মেলা

১ অক্টোবর ছিল আন্তর্জাতিক প্রবীণ দিবস। 'প্রবীণদের জন্য আমরা' এবং জাতিসংঘ তথ্য কেন্দ্র ঢাকায় এ উপলক্ষে একাধিক কর্মসূচি পালন করে। সেই ধারাবাহিকতায় জাতীয় জাদুঘরের শহীদ জিয়া মিলনায়তনে অনুষ্ঠিত হয় নবীন-প্রবীণ সম্মিলন মেলা। এতে রাজধানীর বিভিন্ন স্কুলের পাঁচ শতাধিক ছাত্র-ছাত্রী অংশ নেয়।

এই অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থনীতিবিদ অধ্যাপক মোজাফফর আহমদ, অধ্যাপক আবদুল্লাহ আবু সাঈদ, জাদুশিল্পী জুয়েল আইচ, কবি আল মুজাহিদী, লেখক আলমগীর সাত্তার এবং বিভিন্ন শ্রেণী ও পেশার প্রতিষ্ঠিত প্রবীণেরা।

১৯৯৫ থেকে এই সংগঠন রাজধানীর বিভিন্ন স্কুলে কাজ করে যাচ্ছে। পরিবার ও সমাজে নবীন ও প্রবীণদের মধ্যকার সম্পর্কের দূরত্ব কমিয়ে আনা, প্রবীণদের প্রতি নবীনদের দায়িত্ববোধ বাড়ানোই 'প্রবীণদের জন্য আমরা' সংগঠনের মূল কার্যক্রম। যে কেউ এই কর্মসূচির সঙ্গে নিজেকে অন্তর্ভুক্ত করতে পারেন। যোগাযোগের নম্বর -৯১১৭৬০৩, ০১১৮০৮১৮০

থেকে ক্যাননের সব পণ্যে জেএএন এসোসিয়েটসের বিশেষ নিরাপত্তাসূচক হলোগ্রাম যুক্ত করা হচ্ছে। এই পণ্যগুলো হচ্ছে ক্যাননের বাবল জেট ও লেজার প্রিন্টার, টোনার কার্টিজ, স্ক্যানার, প্রজেক্টর ইত্যাদি। এই হলোগ্রাম দেখে ক্রেতারা ক্যাননের আসল পণ্যটি চিনে নিতে পারবেন। উক্ত অনুষ্ঠানে আরো ঘোষণা করা হয়, বাজারে বর্তমানে প্রচলিত ক্যাননের বিভিন্ন মডেলের প্রিন্টার ও স্ক্যানারসমূহ ছাড়াও এ মাস থেকে জেএএন. এসোসিয়েটস্ আরো কিছু নতুন পণ্য বাংলাদেশে বাজারজাত করবে। এগুলোর মধ্যে রয়েছে- বাবল জেট প্রিন্টার: এস ২০০ এসপি, এস ৮২০, এস ৬৩০০; লেজার বিম প্রিন্টার : লেজার শট এলবিপি ১২১০ এবং মাল্টিমিডিয়া প্রজেক্টর : এলডিএস১, এলডিএক্স ১ ও এলডি ৭৩৪০।

মাদকবিরোধী আলোচনা সভা

‘সতর্ক অভিভাবক এবং সচেতন সমাজ মাদকমুক্ত দেশ গড়তে পারে’-এই শিরোনামে গত ১ অক্টোবর ২০০২ বিয়াম অডিটোরিয়ামে একটি আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। ঝলক ফাউন্ডেশন অনুষ্ঠানটির আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক, বিশেষ অতিথি প্রাইভেটাইজেশন কমিশনের চেয়ারম্যান ইনাম আহমেদ চৌধুরী ছাড়াও ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটির উপাচার্য ড. বজলুল মোবিন চৌধুরী, অতিরিক্ত পুলিশ পরিদর্শক মাসুদুল হক, ওয়েস্টমেন্ট গ্রুপের চেয়ারম্যান কাজী তাজুল ইসলাম ফারুক উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের মূল বিষয় উপস্থাপন করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক মোহাম্মদ সালাম। সভাপতিত্ব করেন ঝলক ফাউন্ডেশনের ট্রাস্টি এবং প্রাক্তন রাষ্ট্রদূত মাসুম আহমেদ চৌধুরী। অনুষ্ঠানে ১৫ মিনিটের মাদকবিরোধী ডকুমেন্টারি ‘চোখ মেলে দাও’ প্রদর্শন করা হয়। বক্তারা মাদকদ্রব্যের ভয়াল ছোবল থেকে দেশ ও জাতিকে উদ্ধারের জন্য সমাজ এবং অভিভাবকদের সচেতনতার ওপর গুরুত্বারোপ করেন। আলোচনার পর মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গ্রামীণ বাইটেকের ভোল্টগার্ড

গত ৫ অক্টোবর ২০০২ আণবিক শক্তি কমিশনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞানের অধ্যাপক ও গ্রামীণ বাইটেক লিঃ-এর ডাইরেক্টর-ইনচার্জ ড. সিদ্দিক-ই রব্বানী ‘Indigenous Technology for protection of computers and other appliances from power line abnomalities’ শীর্ষক একটি বক্তৃতা প্রদান করেন। বাংলাদেশে বৈদ্যুতিক লাইনে যেসব মাত্রাতিরিক্ত বিভ্রাট ঘটে, সে সব সমস্যা সমাধানে ‘ভোল্ট গার্ড’ নামে পরিচিত একটি প্রযুক্তি ১৯৮১ সালে তিনি উদ্ভাবন করেন এবং ১৯৮৯ সাল থেকে সম্পূর্ণ নিজস্ব ডিজাইনে ভোল্টগার্ড, স্ট্যাবিলাইজার ইত্যাদি তৈরি করে জনগণের কাছে পৌছানোর জন্য বাণিজ্যিক উদ্যোগ গ্রহণ করেন সম্পূর্ণ শূন্য মূলধনে।

এইচআরসি ক্লিভডন চা বাজারজাত শুরু

বিখ্যাত বাংলাদেশী কোম্পানি এইচআরসি আজ ক্লিভডন চা নামে নতুন চা বাজারজাত শুরু করেছে। প্রিমিয়াম কোয়ালিটির এই ক্লিভডন চা ভোক্তাদের মাঝে সেরা স্বাদের নতুন অভিজ্ঞতা নিয়ে বাজারে এসেছে। কারণ ক্লিভডন যে বাগানের চা, সেই ক্লিভডন চা বাগান পরপর চার বছর দেশের মোট ১৫৮টি দেশী- বিদেশী চা-বাগানের মধ্যে চট্টগ্রাম চা অকশন রিপোর্টে বাংলাদেশের সেরা চা বাগান হিসেবে শ্রেষ্ঠত্বের স্বীকৃতি অর্জন করেছে। সেই সেরা বাগানের উন্নত মানের ক্লিভডন চা বাজারজাত করার মাধ্যমে এইচআরসি চা এর বাজারে নতুন মাত্রা যোগ করতে যাচ্ছে।

এইচআরসি চায়ের ক্রমবর্ধমান বাজারের চাহিদার কারণে এবং নতুন বাজার সৃষ্টির লক্ষ্যে সর্বোৎকৃষ্ট চা থেকে তৈরি ক্লিভডন প্রাথমিকভাবে ৫০ গ্রাম, ১০০ গ্রাম, ২০০ গ্রাম ও ৪০০ গ্রাম মেটালিক ফয়েল ছাড়াও ২০০ গ্রাম PET জারে বাজারজাত করবে।

শ্রাবণ প্রকাশনীর ৫০টি বইয়ে ৪০% ছাড়!

সৃজনশীল প্রকাশনার তিন বছর পূর্তি উপলক্ষে শ্রাবণ প্রকাশনীর শাহবাগস্থ আজিজ সুপার মার্কেটের বিক্রয় কেন্দ্রে ৫০টি বইয়ে মাসব্যাপী ৪০% কমিশনে বই বিক্রি করছে। শ্রাবণ প্রকাশিত বইয়ের মধ্যে বাংলাদেশের অর্থনীতি, গণমাধ্যম, অনুবাদ, নাটক, শিল্প-সাহিত্য, রাজনীতি, আত্মজীবনী, ছোট গল্প, উপন্যাস, কবিতা, শিশু সাহিত্য বিষয়ে বই রয়েছে।

ব্যক্তিগত বিজ্ঞাপন

BRIDE WANTED : Looking for a kind hearted foreign citizen/immigrant bride who can assist the groom to migrate, may contact, without any hesitation. The groom is 26+, 5 5, Muslim (Sunni) working in a private commercial bank of Dhaka as an officer. (No need to contact from any Marriage Media)
Cell : 017 001997
e-mail : help. me @ soon. com